



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৫.২১.৩১৫

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: তদন্ত কর্মকর্তা নিয়োগ।

নড়াইল জেলার নড়াইল সদর উপজেলাধীন মির্জাপুর ইউনাইটেড ডিগ্রি কলেজের একাদশ শ্রেণির ছাত্র রাহুল দেব রায়, তার নিজস্ব ফেসবুক আইডিতে বিতর্কিত ভারতীয় রাজনৈতিক নেত্রী নুপুর শর্মার পক্ষে পোস্ট দেয়। তার পোস্টটি ছিল এমন যে, নুপুর শর্মার ছবি দিয়ে ছবির উপরে লেখে, 'প্রনাম নিও বস, "নুপুর শর্মা" জয় শ্রীরাম'। সে তার ফেসবুক আইডিতে পোস্টটি ১৭/৬/২২ তারিখ শূক্রবার রাতে দেয়। পরের দিন শনিবার ১৮/৬/২৩ তারিখ সকালে রাহুল দেব রায় কলেজে আসলে অন্য ছাত্ররা তাকে পোস্টটি ডিলিট করে দিতে বলে কিন্তু, সে সেটি ডিলিট না করলে ছাত্ররা ঐ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের কাছে ঐ ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলে। অধ্যক্ষ তখন ঐ ছাত্রকে আটকিয়ে রেখে পুলিশে খবর দেয়। পুলিশ এসে ঐ ছাত্রকে নিয়ে যেতে চাইলে ছাত্ররা বাধা দেয়। ইতোমধ্যে এলাকার জনগণের মধ্যের খবরটি ছড়িয়ে পড়লে ছাত্র-জনতা মিলে প্রচণ্ড বিক্ষোভ তৈরী হয়। পরিস্থিতি জটিল আকার ধারণ করলে পুলিশ প্রশাসন অতিরিক্ত পুলিশ মোতায়েন করে এবং উত্তেজনা কমাতে কয়েক রাউন্ড টিয়ার সেল ছোড়ে। পরিস্থিতি আরো ঘোলাটে হলে ঘটনাস্থলে তাৎক্ষণিক জেলা প্রশাসক মহোদয় ও পুলিশ সুপার মহোদয় পৌঁছান এবং সুষ্ঠু বিচারের আশ্বাস দিয়ে সংশ্লিষ্ট ছাত্র ও অধ্যক্ষকে পুলিশ হেফাজতে নেন। কলেজ কর্তৃপক্ষ পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করেন। এদিকে মির্জাপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির এক ছাত্রীও অনুরূপ একটি পোস্ট দেওয়ায় সেখানেও উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি সামাল দেওয়ার জন্য ঐ বিদ্যালয়টি সাময়িক বন্ধ ঘোষণা করা হয়েছে।

বর্ণিত বিষয়ে একটি জাতীয় দৈনিকে “অধ্যক্ষকে জুতার মালা পরানোর ঘটনায় মামলা, গ্রেফতার ৩” শিরনামে সংবাদ প্রচার করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ) , মাউশি, আঞ্চলিক কার্যালয়, খুলনাকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

২৯-৬-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৫.২১.৩১৫/১(৩)

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯
২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিংবডি, মির্জাপুর ইউনাইটেড ডিগ্রি কলেজ, নড়াইল।
- ২) অধ্যক্ষ, মির্জাপুর ইউনাইটেড ডিগ্রি কলেজ, নড়াইল।
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নড়াইল



২৯-৬-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক